

রাঙ্গামাটি সদর উপজেলায় অভ্যন্তরীণ আমন সংগ্রহ /২০২৩-২০২৪ মৌসুমে ধান ও চাল সংগ্রহ ও মনিটরিং কমিটি'র সভার কার্যবিবরণী :

সভাপতি : নাজমা বিনতে আমিন
 উপজেলা নির্বাহী অফিসার,
 রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা
 সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর মহোদয়ের অফিস কক্ষ।
 সভার তারিখ ও সময় : ০৪/১২/২০২৩খ্রি; সকাল-১১.৩০টা।

সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরের তালিকা : (পরিশিষ্ট-ক)


সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এবং সদস্য সচিবকে আলোচ্যসূচী অনুযায়ী বক্তব্য পেশ করার জন্য আহ্বান জানান। সদস্য সচিব সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাকে অবহিত করেন যে, অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ/ ২০২৩-২০২৪খ্রিঃ মৌসুমে রাঙ্গামাটি সদর উপজেলায় খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং-১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৫ তারিখ: ১৪/১১/২০২৩ মূলে ৩২.০০০মে.টন ধান ও খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং-১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০৩.২৩.১৩৯ তারিখ:২১/১১/২০২৩ খ্রি: মূলে ৭২.০০০ মে.টন আতপ চাল সংগ্রহ লক্ষ্যমাত্রা পাওয়া গিয়েছে। যা সংগ্রহকাল সময়সীমা ২৩/১১/২০২৩ হতে ২৮/০২/২০২৪ পর্যন্ত। প্রতি কেজি ধানের মূল্য ৩০/- ও প্রতি কেজি চালের মূল্য ৪৩/-টাকা নির্ধারিত। একজন কৃষক ১২০ কেজি হতে সর্বোচ্চ ৩.০০০ মে. টন ধান সরকারী খাদ্যগুদামে বিক্রি করতে পারবেন। খাদ্য মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা /২০১৭ নির্দেশনা অনুযায়ী বিনির্দেশ সমূহ নিম্নে দেয়া হল।

ধান		চাল	
বিনির্দেশ	সর্বোচ্চ	বিনির্দেশ	সর্বোচ্চ
১। আম্রতা	১৪%	১। অদ্রতা	১৪%
২। বিজাতীয় পদার্থ	০.৫%	২। বড় ভাঙ্গা দানা	৮%
৩। ভিন্ন জাতের ধানের মিশ্রণ	৮%	৩। ছোট ভাঙ্গা দানা	৫%
৪। অপুষ্টি ও বিনষ্ট দানা	২%	৪। ভিন্ন জাতের মিশ্রণ	৮%
৫। চিটা	০.৫%	৫। বিনষ্ট দানা	১%
		৬। মরা দানা	(৩টি একত্রে)
		৭। বিবর্ণ দানা	
		৮। ধান প্রতি কেজিতে	২টি
		৯। বিজাতীয় পদার্থ	০.৩%
		১০। খড়িময় দানা	১%
		১১। অর্ধসিক দানা ছিটাই	-
		১২। ছিটাই	উত্তম

লক্ষ্যমাত্রা অনুযায়ী ধান ও চাল ক্রয়ের লক্ষ্য ইতিমধ্যে ব্যাপক প্রচার ও প্রচারণা করা হয়েছে। পূর্বে নিবন্ধিত কৃষকগণ কৃষক অ্যাপের মাধ্যমে ধান বিক্রয়ের আবেদন করতে হবে। আগ্রহী প্রকৃত কৃষক উপজেলা কৃষি কর্মকর্তা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা এবং উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, স্থানীয় খাদ্যগুদামে ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে স্ব-স্ব এলাকার কৃষকগণ অ্যাপের নিবন্ধনের জন্য উৎসাহিত করতে বিশেষভাবে পুরুষরোপ করা হয়।

সংগ্রহ কার্যক্রম সফল করার বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১। অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ /২০২৩-২৪ খ্রিঃ মৌসুমে প্রাপ্ত লক্ষ্য মাত্রা অনুযায়ী বি-নির্দেশ মোতাবেক আগ্রহী প্রকৃত কৃষকগণ একজন কৃষক ১২০ কেজি ও সর্বোচ্চ ৩.০০০ মে.টন ধান রাঙ্গামাটি সদর খাদ্য গুদামে বিক্রয় করতে পারবেন।
 - ২। উপজেলা কৃষি কর্মকর্তা প্রকৃত কৃষকদের কৃষক অ্যাপের মাধ্যমে রাঙ্গামাটি সদর খাদ্য গুদামে ধান বিক্রয়ের উৎসাহিত করবেন। এবং মাত্র পর্যায়ে সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।
 - ৩। কোন অবস্থাতে কৃষকের খাদ্যশস্য ফেরত দেওয়া যাবে না।
 - ৪। নীতিমালা বহির্ভূত কোন খাদ্যশস্য ধান / চাল খাদ্য গুদামে সরবরাহ করা এবং গ্রহন করা যাবে না।
 - ৫। চাল মিল মালিকগণ জেলা খাদ্য নিয়ন্ত্রক রাঙ্গামাটি মহোদয়ের সাথে চুক্তিবদ্ধ হয়ে নির্দেশনা মোতাবেক চাল সরবরাহ করবেন।
- পরিশেষে সভাপতি, অভ্যন্তরীণ আমন ধান ও চাল সংগ্রহ /২০২৩-২৪ লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ অভিযান সাফল্যমণ্ডিত করার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভা সমাপ্তি ঘোষণা করেন।


 (নাজমা বিনতে আমিন)
 উপজেলা নির্বাহী অফিসার

ও
 সভাপতি
 উপজেলা খাদ্যশস্য সংগ্রহ ও মনিটরিং কমিটি
 রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।